


গণপ্রজাতন্ত্র বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

### বিষয়ঃ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কর্মকর্তার কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট পরিদর্শন প্রতিবেদন।

পরিদর্শনকারী কর্মকর্তার নামঃ জগদীশ চন্দ্র দেবনাথ  
কর্মকর্তার পদবীঃ উপসচিব (আইন)  
তারিখঃ ২২.১২.২০১৯ খ্রিঃ  
সময়ঃ বিকাল ০২.০০ – ০৫.০০

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গোলাপগঞ্জ, চলমান প্রশিক্ষণ ও প্রকল্প কার্যক্রম পরিদর্শন করা হল। “ইনকাম জেনারেটিং” একটিভিটিস অফ ইউমেন এ্যাট উপজেলা লেভেল (আইজিএ) ও “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” শীর্ষক প্রকল্পের স্টক রেজিস্টার পরীক্ষা করা হল। কিশোর-কিশোরী ক্লাবের স্টক রেজিস্টার লেখা হয়নি। তবে ক্লাবের মালামাল সংশ্লিষ্ট স্কুল প্রধান শিক্ষকের অনুকূলে বরাদ্দের রিসিভ কপি পাওয়া গিয়েছে। মোট ১২টি ক্লাবের জন্য ৫ জন সংগীত শিক্ষক পদায়ন হয়েছে। কিন্তু আবৃত্তি শিক্ষকের কোনো আবেদন পাওয়া যায়নি। উপজেলা অফিসে ১টি মাত্র কক্ষ বরাদ্দ যাতে স্থান সংকুলান হয় না। জনবল সংকট তীব্র। উপজেলার রংগকেলি প্রশিক্ষণ কেন্দ্রটি পরিদর্শন করা হয়। ক্লাব বুটিক ও টেলিলাইং ট্রেডের প্রশিক্ষণার্থীগণ উপস্থিত ছিলেন। উপস্থিতি ও কার্যক্রম সন্তোষজনক।



#### সুপারিশঃ

- ১) “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” শীর্ষক প্রকল্পের শিক্ষক/শিক্ষিকা নিয়োগের বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনা করে দুটি ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ-কে নির্দেশনা দেয়া হলো।
- ২) “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” শীর্ষক প্রকল্পের কার্যক্রম এখনও শুরু হয়নি, বিধায় দুটি শুরু করার জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে নির্দেশনা দেয়া হলো।
- ৩) “ইনকাম জেনারেটিং” একটিভিটিস অফ ইউমেন এ্যাট উপজেলা লেভেল (আইজিএ) প্রকল্পের কার্যক্রম ভাল মানের বলে প্রতীয়মান হয়েছে।
- ৪) প্রকল্প কার্যক্রমের স্টক রেজিস্টার, ক্যাশ রেজিস্টার, বিল রেজিস্টার ইত্যাদি সঠিকভাবে লেখা ও সংরক্ষণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরামর্শ দেয়া হলো।

(জগদীশ চন্দ্র দেবনাথ)  
উপসচিব (আইন)

#### অনুলিপিঃ

- ১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইক্সটান গার্ডেন রোড, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ, সিলেট।